ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৬৫.২৩ নথির বিষয়: Repairing and maintenance of delivery water line at Adorshbagh, Konapara, Shamimbagh and others water pump under MODS Zone-7, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: Repairing and maintenance of delivery water line at Adorshbagh, Konapara, Shamimbagh and others water pump under MODS Zone-7, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩/১০/২৩ ১০:৫৮ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উভয় পার্শে জনবহুল বিভিন্ন এলাকায় সম্মানিত গ্রাহকদের বিভিন্ন গভীর নলকূপ হতে পানি সরবরাহ করা হয়। উক্ত গভীর নলকূপ হতে পানি উত্তোলন করে ডেলিভারি লাইনের মাধ্যমে সরবরাহ নেটওয়ার্ক এর সংযুক্ত করা হয়েছে। অত্র জোনের আদর্শবাগ, কোনাপাড়া, শামীমবাগ এলাকায় গভীর নলকূপ সমূহ হতে প্রচুর পরিমাণ আয়রন এবং ডেলিভারি লাইন এর বিভিন্ন ফিটিংস সমূহ দীর্ঘদিনের পুরনো হয়ে যাওয়ায় ফিটিংস সমূহ আংশিক/ সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ/লিকেজ হয়ে পানি পাম্প কম্পাউন্ডে জমা হচ্ছে। এছাড়াও গভীর নলকূপের ডেলিভারি লাইনের স্লুইচ ভাল্ব সমূহ প্রতিনিয়ত অপারেশন করায় স্লুইচ ভাল্ব সমূহের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্থ হচ্ছে। চলমান শুষ্ক মৌসুমে প্রায়শঃই স্থানীয় এলাকাবাসী পানির স্বল্পতা দেখা দিলে প্রাথমিকভাবে বিভিন্ন গভীর নলকূপ এর কম্পাউন্ডে গিয়ে অভিযোগ জানান এবং পাম্প চলমান রয়েছে কিনা তা জানতে চান । পাম্পের ডেলিভারি লাইনের বিভিন্ন ফিটিংস এর ক্ষতিগ্রস্থ অংশ লিকেজ হয়ে পানি পরতে দেখে এলাকাবাসী বিরূপ মন্তব্য করে। এসব লিকেজের কারণে পাম্প কম্পাউন্ডে পানি জমে থাকলে উক্ত জমা পানিতে ডেঙ্গু, চিকুনগুনিয়া রোগের প্রধান বাহক এডিস ও কিউলেক্স মশার বংশ বিস্তার হতে পারে। তৎপ্রেক্ষিতে সার্বিক দিক বিবেচনা করে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উত্তর পার্শে বিভিন্ন এলাকায় বিদ্যমান গভীর নলকূপ সমূহের আংশিক/সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ ডেলিভারি লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩/১০/২৩ ১১:১১ পূর্বাহ্ন

উপরোল্লিখিত কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ১,৯৯,২৪৮.০৮০ (এক লক্ষ নিরানব্বই হাজার দুই শত আটচল্লিশ দশমিক শুন্য আট) টাকা মাত্র (সংযুক্তি: প্রাক্কলন।,)। আলোচ্য কার্জটি চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি-১৩.৪৯ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি: অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা।,)। উক্ত ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন মড়স সার্কেল-১ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়।

সংযুক্তিসমূহ (৫):

১। অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা।.

২। পূর্বানুমোদিত দর।.

৩। ক্যালকুলেশন শীট।.

৪। প্রাক্কলন।.

৫। প্রতিবেদন।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩/১০/২৩ ১১:১৯ পূর্বাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও অনুচ্ছেদ ১.১ এর বর্ণনালোকে "Repairing and maintenance of delivery water line at Adorshobagh, Konapara, Shamimbagh and others water pump under MODS Zone-7, Dhaka WASA" শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উপস্থাপিত সর্বমোট ১,৯৯,২৪৮.০৮০ (এক লক্ষ নিরানব্বই হাজার দুই শত আটচল্লিশ দশমিক শুন্য আট) টাকা মাত্র প্রাক্কলনের

CamScanner

অনুমোদন।

খ) বর্ণিত কাজটি পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

৩/১০/২৩ ১১:১৯ পূর্বাহ্ন শেখ আহমেদ সাঈদ সাব্বি আল উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	৪/১০/২৩ ২:১৫ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	৫/১০/২৩ ২:৫২ অপরাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	৫/১০/২৩ ২:৫২ অপরাহ্ন ~~মোঃ আব্দুল মজিদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস সার্কেল-১~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/১০/২৩ ২:৫৪ অপরাহ্ন

উল্লেখিত কাজটি কোন Tender Method করা হবে সেটা উল্লেখ নাই। টেন্ডার পদ্ধতি উল্লেখ করে পুনরায় প্রস্তাব প্রেরণ করুন।

৬/১০/২৩ ২:৫৫ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	~~৬/১০/২৩ ২:৫৫ অপরাহ্ন~~ ~~মোঃ লিমন মিয়া~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস জোন-৭~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৮/১০/২৩ ২:২৭ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৩ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত কাজটির দরপত্র Limited Tendering Method (LTM) এ e-GP সিস্টেমে আহব্বান করা হবে মর্মে ক্রয়-পরিকল্পনায় উল্লেখ রয়েছে (সংযুক্তি: অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা)। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে অনুচ্ছেদ ১.৩ এর বর্ণনালোকে "Repairing and maintenance of delivery water line at Adorshobagh, Konapara, Shamimbagh and others water pump under MODS Zone-7, Dhaka WASA" শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারেঃ

ক) উপস্থাপিত সর্বমোট ১,৯৯,২৪৮.০৮০ (এক লক্ষ নিরানব্বই হাজার দুই শত আটচল্লিশ দশমিক শুন্য আট) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন।

খ) বর্ণিত কাজটি পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP সিস্টেমে দরপত্র মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

CamScanner

ঢাকা ওয়াসা

৮/১০/২৩ ২:৩১ অপরাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	~~৮/১০/২৩ ২:৩১ অপরাহ্ন~~ ~~মোঃ আব্দুল মজিদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস সার্কেল-১~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৮/১০/২৩ ৭:৪১ অপরাহ্ন

অনুমোদিত।

৮/১০/২৩ ৭:৪২ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	৯/১০/২৩ ১:৪২ অপরাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	১১/১০/২৩ ১২:৩৭ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১১/১০/২৩ ১২:৩৭ অপরাহ্ন শেখ আহমেদ সাঈদ সাব্বি আল উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭

(৬) IFT/Notice Details with Tender Document

(৭) স্মারক নং-৪৬.১১৩.৪১২.০০.০০.২০২৩-৩৬০, তারিখ: ১৩/১২/২০২৩ খ্রিঃ, e-Tender Notice

(৮) স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৫০.২০১৫/১১৮১জ:ত:, তারিখ: ১৭/১২/২০২৩ খ্রিঃ
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা হতে প্রাপ্ত চিঠি (পত্রিকার বিজ্ঞপ্তি/পেপার কাটিং এর ফটোকপি)।

(৯) দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ।

(১০) Notification of Award (NOA)

(১১) Notification of Award (NOA) Acceptance

(১২) Performance Security (Payment Details)

অনুচ্ছেদ : ১.৬

আলোচ্য কাজটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে ঠিকাদারের অনুকূলে NOA ইস্যু করা হয় (সংযুক্তি-১০)। যা ঠিকাদার কর্তৃক গৃহীত হয়েছে (সংযুক্তি-১১)। তাছাড়া ঠিকাদার কর্তৃক আলোচ্য কাজের অনুকূলে Performance Security হিসেবে ৯,৪৬৪.২৮ (নয় হাজার চারশত চৌষট্টি দশমিক দুই আট) টাকা মাত্র পে-অর্ডার দাখিল করেছেন (সংযুক্তি-১২)। দখিলকৃত পে-অর্ডারটি সঠিক আছে। তাই ঠিকাদারের সাথে আলোচ্য কাজের চুক্তি সম্পাদন করা যেতে পারে। এতদপ্রেক্ষিতে চুক্তি সম্পাদনের লক্ষ্যে চুক্তিপত্র তৈরী করা হয়েছে যা সদয় স্বাক্ষরের জন্য সবিনয়ে উপস্থাপন করা হ'ল।

Amirur 25/01/2024

AE 25.01.24

EE

Signed. 25/01/2024

মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৭
ঢাকা ওয়াসা

CamScanner